দৈনিক ইত্তেফাক

4

তারিখ 04 APR 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম 7 ...

# চলতি মাসেই জাতীয় শিক্ষা কমিটি

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল (শুক্রবার) বলিয়াছেন, প্রাথমিক হইতে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত একটি সুষ্ঠু, উপযোগী, বাস্তবধর্মী ও গণমুখী শিক্ষাব্যবস্থা প্রণয়নের জন্য চলতি মাসে জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হইবে। শিল্পকলা একাডেমীতে আবদুল্লা

(শেষ পৃঃ ৫-এর ২ কঃ দ্রঃ)

## শিক্ষা কমিটি

(১ম পৃঃ পর)

ফারুক টি নিটি হাইস্কুলের ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন যে, অভিজ্ঞ ও জ্ঞানী ব্যক্তিদের সমবায়ে এই কমিটি গঠিত হইবে।

জাতীয় সংসদের স্পীকার শামসুল হুদা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শ্রম ও জনশক্তি মন্ত্রী আবদুর রশীদ ইঞ্জিনিয়ার এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা উপমন্ত্রী নূরুল আমিন খান পাঠান বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেন, জনগোষ্ঠীকে দেশের সম্পদে পরিণত করা এবং স্বাধীনতাকে সংহত করার জন্য শিক্ষা অত্যাবশ্যকীয়। তিনি বলেন, সুশিক্ষার জন্য ভাল শিক্ষক, ভাল বই এবং সুষ্ঠু শিক্ষা ব্যবস্থা একান্ত প্রয়োজন।

সভাপতির ভাষণে স্পীকার শামসুল হুদা চৌধুরী বলেন, যে শিক্ষানীতি প্রণীত হইতে যাইতেছে উহা কঠোরভাবে প্রয়োগ করিতে হইবে যাহাতে শিক্ষাঙ্গন অস্ত্র এবং দলীয় রাজনীতিমুক্ত থাকিতে পারে।